

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা  
মৎস্য ভবন, রমনা ঢাকা।  
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২১.০৬.০০৪.২৬-০০

তারিখ: ২৩/০৪/২০২৬ খ্রি.


বিষয় : অবৈধ 'চায়না দুয়ারী জাল' উৎপাদন ও ব্যবহার বন্ধে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধিকরণ প্রসংগে।

সূত্র : প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় সংশোধিত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকার স্মারক নম্বর-৩৩.০২.০০০০.১২১.০৬.০০১.২১-২০১ তারিখ : ৩১-০৩-২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবৈধ "চায়না দুয়ারী জাল উৎপাদন বন্ধে করণীয়" সম্পর্কে প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় সংশোধিত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা কর্তৃক কতিপয় সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)। উক্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, চায়না দুয়ারী জালের বুনন কাজ মুন্সীগঞ্জ সদরে হলেও এর ফিটিং/প্রস্তুত হয় ঢাকা জেলার দোহার এবং মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলায়। এছাড়াও ঢাকা জেলার দোহার এবং মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলায় চায়না দুয়ারী জাল উৎপাদন বন্ধে অভিযান বৃদ্ধি করার বিষয়ে সুপারিশ করেন।

০২। এমতাবস্থায়, আপনার বিভাগের অধীন সংশ্লিষ্ট জেলা ও উপজেলায় মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধিক্রমে অবৈধ 'চায়না দুয়ারী জাল' উৎপাদন ও ব্যবহার বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।




( বরুন চন্দ্র বিশ্বাস )

উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)

ফোন: ০১৭১৫৫৭৬৮৯১

ইমেইল: borunbiswas19@gmail.com



পরিচালক


মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২১.০৬.০০৪.২৬.৫০১(১)/(৫)

তারিখ: ২৬/০৪/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/খুলনা বিভাগ, খুলনা/সিলেট বিভাগ, সিলেট/বরিশাল বিভাগ, বরিশাল/রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)-----
৫. সহকারী পরিচালক (স্টাফ অফিসার), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।



(ইসফাত আরা মিশু)

সহকারী পরিচালক

ফোন: ০২-২২৩৩৮০৬৫৩

ই-মেইল: jalmahaldof@gmail.com

